



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখঃ ২৭/১১/২০১৬

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৬-১৭ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৬-১৭। ববির উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক অদ্য দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন উড়িয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনী খেলা গনিত বিভাগ ও লোক প্রশাসন বিভাগের মধ্যে অনুষ্ঠিত হয়। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় উভয় বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “একাডেমিক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সহশিক্ষামূলক কার্যক্রমে তোমাদেরকে আরও বেশি সম্পৃক্ত হতে হবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের যেমন শারীরিক কসরত হবে তেমনি আজকের এ শিক্ষার্থীদের মধ্য হতেই ভবিষ্যতের খেলোয়াড়রা বেড়িয়ে আসবে। আর এ ধরনের সহশিক্ষা কার্যক্রম উন্নত শিক্ষা ব্যবস্থার একটি আবশ্যিক অংশ”। উদ্বোধনী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মো. তারিকুল হক, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রাণী বিশ্বাস, লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান তাসনুভা হাবিব জিসান, প্রক্টর মো. শফিউল আলম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আব্দুল কাইয়ুম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো: আরিফ হোসেন, উভয় বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ এবং শারীরিক শিক্ষা দপ্তরের কর্মকর্তারাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com